# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১১৬২৪০১/যশোর-৫২/ ২৬৯

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২
০১ ডিসেম্বর ২০২৫

বিষয় : **অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন কাশীপুর সিদ্দিকীয়া আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্নিং বডির সভাপতি জনাব মোঃ আবদুল্লাহ আল মামুন এর বিরুদ্ধে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ-কে সাথে নিয়ে সুকৌশলে কোন নির্বাচন না করে নিজেদের মনগড়া মত পছন্দের তালিকা সংযুক্ত করেছেন মর্মে জনাব মোঃ হাসানুল কাদির অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১.১২.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
মনিরামপুর, যশোর।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১১৬২৪০১/যশোর-৫২/

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২
০১ ডিসেম্বর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, যশোর;
২. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কাশীপুর সিদ্দিকীয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-কাশিপুর, মনিরামপুর, যশোর;
৫. জনাব মোঃ হাসানুল কাদির (অভিযোগকারী), সাং-কাশিপুর, মনিরামপুর, যশোর;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০১.১২.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখ:

বরাবর,
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়: কাশিপুর সিদ্দিকিয়া আলিম মাদ্রাসার নবনির্বাচিত সভাপতি মোঃ আব্দুল্লাহ আল মামুন এর বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

জনাব,
যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী গভর্ণিং বডির সভাপতি মনোনয়নের জন্য প্রেরিত তালিকার ০১ (এক) নম্বর ব্যক্তি। গভর্ণিং বডির নবনির্বাচিত সভাপতি মোঃ আব্দুল্লাহ আল মামুন অধ্যক্ষ মোঃ মতিয়ার রহমানকে সাথে নিয়ে সুকৌশলে কোন নির্বাচন না করে নিজেদের মনগড়া মত পছন্দের সদস্যদের তালিকা সংযুক্ত করেছেন। এমনকি অনেক সদস্য জানেন না যে, উক্ত মাদ্রাসার গভর্ণিং বডির সদস্য। এ বিষয়টি নিয়ে প্রিজাইডিং অফিসার জনাব বিশ্বজিৎ ঘোষ (প্রিজাইডিং অফিসার, কাশিপুর সিদ্দিকিয়া আলিম মাদ্রাসার গভর্ণিং বডির নির্বাচন-২০২৫) এর কাছে জানতে চাওয়া হলে তিনি নিজেই বলেন এ ব্যাপারে আমি কিছুই জানি না। উল্লেখ্য এ বিষয় প্রকাশ হওয়ার পর এলাকায় শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন পেশাজীবি লোক এলাকায় ভীষন ক্ষোভের সৃষ্টি হয়েছে। যে কোন সময় একটা মারাত্মক সংঘর্ষ হতে পারে। গভর্ণিং বডির নবনির্বাচিত কমিটি স্থগিত করে এলাকায় শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য সবিনয় অনুরোধ করছি।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন সুষ্ঠু তদন্তের মাধ্যমে উক্ত বিষয়টি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ হাসানুল কাদির
পিতা- মৃত: কামরুল কাদির টুকু
গ্রাম+ডাক- কাশিপুর
মনিরামপুর, যশোর।
মোবা: ০১৯১৫১৮৭৬৬৫